

নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

১৩। মানুষের প্রতি দয়া ও কোমল আচরণ করা। আর তাদেরকে ক্ষমা ও মার্জনা করা (رحمة الناس واللين لهم،)

আল্লাহ তা'আলা আরও বলেন:

'আর আমি তো তোমাকে বিশ্ববাসীর জন্য রহমত হিসাবেই প্রেরণ করেছি'(সূরা আল-আম্বিয়া: ১০৭)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(فَبِمَا رَحْمَةٍ مِنَ اللَّهِ لِنْتَ لَهُمْ وَلَوْ كُنْتَ فَظًّا غَلِيظَ الْقَلْبِ لَانْفَضُوا مِنْحَوْلِكَ فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِي الْأَمْرِ فَإِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللَّهِ إِنَّ اللَّهَ يُحِبُّالْمُتَوَكِّلِينَ (159)) [آل عمران: 159].

'আল্লাহর দয়ায় আপনি তাদের প্রতি কোমল-হৃদয় হয়েছেন; যদি আপনি রূঢ় ও কঠোরচিত্ত হতেন, তবে তারা আপনার আশপাশ থেকে সরে পড়ত। কাজেই আপনি তাদেরকে ক্ষমা করে দিন এবং তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন আর কাজে-কর্মে তাদের সাথে পরামর্শ করুন, তারপর আপনি কোন সংকল্প করলে আল্লাহর উপর নির্ভর করবেন। নিশ্চয় আল্লাহ (তার উপর) নির্ভরকারীদের ভালবাসেন' (সূরা আলে ইমরান: ১৫৯)।

আল্লাহ তা'আলা মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলেন:

'তুমি ক্ষমা প্রদর্শন কর এবং ভালো কাজের আদেশ দাও। আর মূর্যদের থেকে বিমুখ থাক'(সূরা আল-আ'রাফ:১৯৯)।

আল্লাহ তা'আলা মূসা ও হারূন (আলাইহুমাছ-ছালাতু ওয়াস-সালাম)-কে বলেন:

'তোমরা দু'জন ফির'আউনের নিকট যাও। কেননা সে তো সীমালংঘন করেছে। (৪৩) তোমরা তার সাথে নরম কথা বলবে। হয়তোবা সে উপদেশ গ্রহণ করবে অথবা ভয় করবে' (সূরা ত্বহা: ৪৩-৪৪)।

আল্লাহ তা'আলা মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলেন:

'নিশ্চয় কিয়ামত আসবে। সুতরাং তুমি সুন্দরভাবে তাদেরকে এড়িয়ে যাও' (সূরা আল-হিজর: ৮৫)।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=9354

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন